


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
গাজীপুর  
(ভূমি অধিগ্রহণ শাখা)  
[www.gazipur.gov.bd](http://www.gazipur.gov.bd)

স্মারক নং-০৫.১২.৩৩০০.০১১.০০.০০১.২০-২৩৮

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০  
২৪ মার্চ ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, “কিশোরগঞ্জ (বিল্লাটি)-পাকুন্দিয়া-মির্জাপুর-টোক জেলা মহাসড়ক যথাযথমানে উন্নীত করণ” শীর্ষক প্রকল্পের জন্য এলএ ০৩/২০২০-২০২১ নম্বর কেসের মাধ্যমে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন শহরটোক, সালুয়াটেকি ও সুলতানপুর মৌজার আর.এস বিভিন্ন দাগে প্রস্তাবিত ৬.০১৬ একর (কম/বেশি) ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান আছে। উক্ত এলএ কেসে এর ৪(১) ধারার নোটিশ জারীর পর অধিগ্রহণকৃত সম্পত্তির যৌথ তদন্তের ফিল্ড বহি প্রস্তুত করা হয়েছে। ভূমি মন্ত্রণালয় অধিগ্রহণ শাখা-০১ এর ১০/১২/২০১৭ তারিখের ৩১.০০.০০০০. ০৪২.০০১.১৪(অংশ-১)-৪৫৪ নম্বর স্মারকে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ নম্বর অনুচ্ছেদের আলোকে প্রস্তুতকৃত যৌথ তদন্তের ফিল্ড বহি এর তালিকায় লিপিবদ্ধ অবকাঠামো/ঘরবাড়ি অস্বত্বভুক্ত না হওয়ার বিরুদ্ধে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, ঢাকা মহোদয়ের নিকট আবেদন করা যাবে এবং জমির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কিত যৌথতদন্তে প্রকাশিত বিষয়ে আপত্তি থাকলে জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের নিকট বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে আপত্তি দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



ইশতিয়াক আহমেদ  
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
গাজীপুর  
☎ ০২-৯২৬১৩৩০

স্মারক নং-০৫.১২.৩৩০০.০১১.০০.০০১.২০-

তারিখ : ২০ চৈত্র ১৪৩০  
২৪ মার্চ ২০২৪

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ০১। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০২। নির্বাহী প্রকৌশলীর, সওজ, কিশোরগঞ্জ সড়ক বিভাগ, কিশোরগঞ্জ
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব ও এলএ), গাজীপুর
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), কাপাসিয়া, গাজীপুর
- ০৬। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (ইহা জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৮। ইউনিয়ন ডিজিটাল সেন্টার, টোক ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৯। ভূমি সহকারী কর্মকর্তা, টোক ইউনিয়ন ভূমি অফিস, কাপাসিয়া, গাজীপুর
- ১০। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
- ১১। অফিস কপি

//  
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
গাজীপুর